ডাকিল মোরে জাগার সাথি।
প্রাণের মাঝে বিভাস বাজে,   প্রভাত হল আঁধার রাতি ॥
বাজায় বাঁশি তন্দ্রা-ভাঙা,   ছড়ায় তারি বসন রাঙা—
ফুলের বাসে এই বাতাসে   কী মায়াখানি দিয়েছে গাঁথি ॥
গোপনতম অন্তরে কী   লেখনরেখা দিয়েছে লেখি !
মন তো তারি নাম জানে না,   রূপ আজিও নয় যে চেনা,
বেদনা মম বিছায়ে দিয়ে   রেখেছি তারি আসন পাতি ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Ramkeli-Bhairavi-Touri
Visit www.geetabitan.com for notation and other detail